# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (১৩) জামা‘আতে সালাত আদায় করা ফরয এবং যে সব কারণে জামা‘আত তরক করা যায়

13 ـ بَابُ فَرْضِ الْجَمَاعَةِ وَالْأَعْذَارِ الَّتِي تُبِيح تَرْكَهَا

আরবী

2059 ـ أَخْبَرَنَا حَامِدُ بْنُ مُحَمَّدِ بْنِ شُعَيْبٍ قَالَ: حَدَّثَنَا سُرَيْجُ بْنُ يُونُسَ قَالَ: حَدَّثَنَا أَبُو حَفْصٍ الْأَبَّار عَنْ مُحَمَّدِ بْنِ جُحَادَةَ عَنْ أَبِي صَالِحٍ قَالَ: رَأَى أَبُو هُرَيْرَةَ رَجُلًا قَدْ خَرَجَ مِنَ الْمَسْجِدِ وَقَدْ أذَّن المؤذّن فَقَالَ: أَمَّا هَذَا فَقَدْ عَصَى أَبَا الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2059 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (547)

قَالَ أَبُو حَاتِمٍ: أُضمر فِي هَذَا الْخَبَرِ شيئان: أحدُهما: وقد أذَّن المُؤَذِّنُ وهو متوضىء وَالثَّانِي: وَهُوَ غَيْرُ مؤدٍ لِفَرْضِهِ

أَبُو صَالِحٍ ـ هَذَا ـ مِنْ أَهْلِ الْبَصْرَةِ؛ اسْمُهُ: مِيزَانُ؛ ثِقَةٌ.

বাংলা

২০৫৯. আবূ সালিহ রহিমাহুল্লাহ বলেন, আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু এক ব্যক্তিকে মাসজিদ থেকে বের হতে দেখলেন এমন অবস্থায় যে, তখন আযান হচ্ছিল, এসময় তিনি বলেন, “এই ব্যক্তি আবুল কাসিম তথা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিরুদ্ধাচারণ করলো।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসে দুটি জিনিস উহ্য রয়েছে। প্রথমটি হলো: মুয়ায্যিন আযান দেন এমন সময় সে অবস্থায় ছিল। দ্বিতীয়টি হলো: এসময় সে কোন ফরয আদায় করছিল না।” হাদীসের রাবী আবূ সালিহ বসরার অধিবাসী, তার নাম মীযান। তিনি নির্ভরযোগ্য রাবী।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪৭১; সহীহ মুসলিম: ৬৫৫; আবূ দাঊদ: ৫৩৬; তিরমিযী: ২০৪; ইবনু মাজাহ: ৭৩৩; আবূ আওয়ানা: ২/৮; সুনান বাইহাকী: ৩/৫৬; নাসাঈ: ২৯; হুমাইদী: ৯৭৭; আত তায়ালিসী: ২৫৮৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আবূ দাঊদ : ৫৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91377

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন